

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
জেলা কার্যালয়ের অফিস  
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ

নম্বর ২৬.০৪.৪৪০০.৭০৬.১৭.০১৮.২২.৩৩৩

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৯

১৫ সেপ্টেম্বর ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ১৫ সেপ্টেম্বর ২০২২ তারিখে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঝিনাইদহ জেলা কার্যালয়ের বাজার তদারকির তথ্য।

কালীগঞ্জ উপজেলায় ০৩ টি প্রতিষ্ঠানকে ২৫ হাজার টাকা জরিমানা

বাণিজ্য মন্ত্রণালয়স্বত্বাধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোহাম্মদ জিয়াউল হক এর নেতৃত্বে কালীগঞ্জ উপজেলার মেইন বাসস্ট্যান্ড, কাচামাল হাট রোড ও মুরগীহাটা রোডে তদারকি করা হয়। এসময় নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য প্রস্তুত ও মেয়াদ উত্তীর্ণ খাদ্য পণ্য বিক্রয়/ বিক্রয়ের উদ্দেশ্যে সংরক্ষণ ও প্রদর্শন করার অপরাধে হোটেল ধানসিড়ি রেস্টুরেন্ট কে ১৫০০০/- (পনেরো হাজার) টাকা, ডিমের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে সৌরভ ডিম ঘর কে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা এবং মেয়াদ উত্তীর্ণ কীটনাশক বিক্রয়/ বিক্রয়ের উদ্দেশ্যে সংরক্ষণ ও প্রদর্শন করার অপরাধে মেসার্স রাজ এন্টারপ্রাইজ কে ৫০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ২৫০০০/- (পঁচিশ হাজার) টাকা প্রশাসনিক ব্যবস্থা হিসেবে জরিমানা আরোপ ও আদায় করা হয়। এছাড়া, গ্যাসের দোকানসমূহে তদারকি করা হয়। পাশাপাশি, উপস্থিত ভোক্তাদের নিকট লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয় এবং উপস্থিত জনগণকে ভোক্তা-অধিকার সম্পর্কে সচেতন করা হয়।

আজকের বাজার তদারকিকালে ১৬ টি প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। বাজার তদারকিতে সার্বিক সহযোগিতা প্রদান করেন জনাব আমিনুর রহমান টুকু, সভাপতি, ক্যাব, ঝিনাইদহ ও জনাব মো: আলমগীর কবির, পৌর স্যানিটারি ইন্সপেক্টর, কালীগঞ্জ, ঝিনাইদহ। আইন-শৃঙ্খলা রক্ষার দায়িত্বে নিয়োজিত ছিলেন ঝিনাইদহ জেলা পুলিশের একটি টিম। জনস্বার্থে এ অভিযান চলমান থাকবে।

১৫-৯-২০২২

মোহাম্মদ জিয়াউল হক

সহকারী পরিচালক

ফোন: ০২৪৭৭৭৪৬৬৫০

ইমেইল: ad-

jhenaidah@dncrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।
- ২) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, (এডিএম), জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।
- ৩) উপপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, খুলনা বিভাগীয় কার্যালয়।
- ৪) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিগঞ্জ, ঝিনাইদহ।
- ৫) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) সম্পাদক/বার্তা সম্পাদক, ....., ঝিনাইদহ (আপনার বহুল প্রচারিত দৈনিকে প্রচারের অনুরোধ করা হলো।
- ৭) অফিস কপি।